

‘সেমস্ গ্লোবাল’-এর আয়োজনে ০৪-০৬ মে ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে স্বাস্থ্য খাতের
আন্তর্জাতিক প্রদর্শনী ‘১০ম মেডিটেক্স বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৭’

আন্তর্জাতিক আয়োজক সংস্থা কনফারেন্স এন্ড এক্সিবিশন ম্যানেজমেন্ট সার্ভিসেস্ লিঃ- সেমস্ গ্লোবাল ঢাকায় আয়োজন করতে যাচ্ছে ‘১০ম মেডিটেক্স বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৭’, ‘৩য় বাংলাদেশ ক্লিনিক্যাল ল্যাব এক্সপো ২০১৭’ এবং ‘ইন্টারন্যাশনাল হেল্থ টুরিজম এন্ড সার্ভিস এক্সপো ২০১৭’। আগামী ০৪-০৬ মে ২০১৭ তারিখে ঢাকাস্থ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িলে তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

ফ্রান্স, অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, জার্মানি, বেলজিয়াম, ফিনল্যান্ড, স্পেন, ডেনমার্ক, ইউএসএ, পোল্যান্ড, ইংল্যান্ড, তাইওয়ান, চীন, তুরস্ক, হাঙ্গেরি, কোরিয়া, ভারত ও বাংলাদেশের স্বাস্থ্যখাতের খ্যাতনামা প্রায় ১৮০টি প্রতিষ্ঠান ২৬০টি স্টলের এই আন্তর্জাতিক প্রদর্শনীতে অংশগ্রহণ করছে। যেখানে থাকছে মেডিক্যাল, সার্জিক্যাল, হেল্থ কেয়ার, ক্লিনিক্যাল ল্যাব ইকুইপমেন্ট এবং ফার্মাসিউটিক্যাল ইকুইপমেন্টসহ বিভিন্ন ধরনের প্রয়োজনীয় যন্ত্রপাতি প্রদর্শন এবং বিপণনের বিশাল সমাহার।

বাংলাদেশের স্বাস্থ্যখাতের সমৃদ্ধির লক্ষ্যে আয়োজিত এই প্রদর্শনীতে ক্রেতা, পরিবেশক ও উদ্যোক্তাগণ স্বাস্থ্য সেবার আনুষঙ্গিক উপকরণ ও নতুন নতুন প্রযুক্তির সাথে পরিচিত হতে পারবেন। উৎপাদক ও ভোক্তার সরাসরি সাক্ষাৎ ও আলাপচারিতায় প্রদর্শনীটি একটি ওয়ান স্টপ প্লাটফর্ম হিসেবে কাজ করবে যা বাংলাদেশের স্বাস্থ্য সেবার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম।

উক্ত প্রদর্শনীর কনকারেন্ট হিসেবে সেমস্ গ্লোবাল ভারতের এ্যাকুয়ারিস ভেনচারস্ এর সাথে যৌথভাবে আয়োজন করছে ‘ইন্ডিয়া হেল্থ প্লাস’ প্রদর্শনী। আগামী ৫-৬ মে ২০১৭ তারিখে ঢাকাস্থ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িলে এই প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

প্রদর্শনী উপলক্ষ্যে ‘সেমস্ গ্লোবাল’ এবং ‘ডক্টরলা ডট কম’ ব্যাক পেইন চিকিৎসা বিষয়ক সেমিনার ‘মেডিকন বাংলাদেশ ২০১৭’ আয়োজন করছে। সেমিনারটি আগামী ৪ মে বিকাল ৩.০০টায় ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িলে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সেমস্ গ্লোবাল ১৯৯২ সালে প্রতিষ্ঠার পর থেকে বিগত ২৫ বছরেরও বেশি সময় ধরে দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় বহুজাতিক প্রদর্শনীর আয়োজক প্রতিষ্ঠান হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে সংস্থাটি বিশ্বের ৮টি দেশে সেমস্ ইউএসএ, সেমস্ চায়না, সেমস্ ইন্ডিয়া, সেমস্ বাংলাদেশ, সেমস্ শ্রীলংকা, সেমস্ গ্লোবাল এশিয়া প্যাসিফিক সিঙ্গাপুর, সেমস্ ইন্দোনেশিয়া এবং সেমস্ ব্রাজিল নামে নিজস্ব অফিস পরিচালনা করছে; পাশাপাশি আরো ১০টি দেশে এ্যাসোসিয়েট শাখার মাধ্যমে বছরে ৪০টিরও বেশি আন্তর্জাতিক প্রদর্শনী আয়োজন করছে।

উক্ত প্রদর্শনীর ব্রডকাস্ট পার্টনার- ‘ইন্ডিপেনডেন্ট টেলিভিশন’, মিডিয়া পার্টনার ‘দৈনিক সমকাল’ এবং ‘নিউ এইজ’; রেডিও পার্টনার ‘জাগো এফএম ৯৪.৪’; অনলাইন মিডিয়া পার্টনার ‘বিডিনিউজ২৪.কম’; ম্যাগাজিন পার্টনার ‘আইস বিজনেস টাইমস্’ এবং ‘বিএম পাবলিকেশনস্’; ক্রিয়েটিভ পার্টনার ‘মার্কেট এজ লি.’, আইটি পার্টনার ‘আমার টেক’ এবং হসপিটালিটি পার্টনার ‘এ্যাট আর্থ প্রা: লি.’।

প্রদর্শনীগুলো প্রতিদিন সকাল ১০.৩০ থেকে সন্ধ্যা ৮.০০ পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.cemsonline.com.

----- (সমাপ্ত)